অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 10/22/2021 **গভর্নর ক্যাথি হোকল**

নিউ ইয়র্ক স্টেটব্যাপী তরুণদের, পরিবারগুলোর ও কমিউনিটিগুলোর কাছে আসক্তি প্রতিরোধ সংক্রান্ত পরিষেবাসমূহ পৌঁছে দেয়ায় সহায়তা করতে গভর্নর হোকলের নয় মিলিয়ন ডলারের বেশি তহবিল বরাদ্দ দেয়ার ঘোষণা

প্রমাণ-ভিত্তিক প্রতিরোধমূলক অনুশীলনসমূহ সম্প্রসারণ ও আপডেট করতে সেবা প্রদানকারীদের জন্যে 9.5 মিলিয়ন ডলারের তহবিল লভ্য রয়েছে

গভর্নর হোকল আজ নিউ ইয়র্ক স্টেটের তরুণদের, পরিবারগুলোর ও কমিউনিটিগুলোর জন্যে মাদকদ্রব্য ব্যবহার সংক্রান্ত সমস্যা প্রতিরোধ বিষয়ক পরিষেবাসমূহের প্রমাণ-ভিত্তিক অনুশীলনসমূহ সম্প্রসারণের জন্য 9.5 মিলিয়ন ডলারের তহবিল লভ্য রয়েছে বলে ঘোষণা করেছেন। মাদকদ্রব্যের অপব্যবহার প্রতিরোধ ও চিকিৎসা সংক্রান্ত এই ফেডারেল থোক বরাদ্দের সম্পূরক অনুমোদন সেসব প্রোভাইডারদেরকে সাহায্য করবে যাদের পরিষেবাগুলো কোভিড-19 মহামারী দ্বারা প্রভাবিত হয়েছে। নিউ ইয়র্ক স্টেটের অফিস অব অ্যাডিকশন সার্ভিসেস এন্ড সাপোর্টস (Office of Addiction Services and Supports) এই তহবিল পরিচালনা করছে।

"কোভিড-19 মহামারীর চলমান মানসিক চাপ ও অনিশ্চয়তার ফলে স্টেটজুড়ে মাদকদ্রব্যের ব্যবহার ও ওভারডোজ বৃদ্ধি পেয়েছে, এবং নিউ ইয়র্কবাসীরা যাতে তাদের প্রয়োজনীয় চিকিৎসা, সহায়তা ও সংস্থানসমূহ অ্যাক্সেস করতে পারে তা নিশ্চিত করতে আমাদের অবশ্যই যথাসাধ্য চেষ্টা করতে হবে," **বলেছেন গভর্নর হোকল**। "এই তহবিল শুধু সেবা প্রদানকারী ও কমিউনিটিগুলোকে আসক্তি প্রতিরোধে তাদের গুরুত্বপূর্ণ কাজ অব্যাহত রাখার সুযোগই প্রদান করবে না, বরং এটি সব নিউ ইয়র্কবাসীর স্বাস্থ্যের উন্নতি ও সুরক্ষার জন্যে আমার প্রশাসনের চলমান অঙ্গীকারের অংশ।"

কোভিড-19 মহামারী চলাকালীন সময়ে, OASAS প্রতিরোধমূলক পরিষেবাসমূহের মূল্য ও প্রয়োজনীয়তা উপলব্ধি করেছে, বিশেষ করে তরুণদের, পরিবারের, তরুণ প্রাপ্তবয়স্কদের ও কমিউনিটির জন্য। অন্য অনেক সহায়তা পরিষেবার মতোই, প্রতিরোধ খাতকে সশরীরে উপস্থিত হয়ে প্রতিরোধের অনুশীলন থেকে সরে গিয়ে ভার্চুয়াল মডেলে যেতে হয়েছে, অথবা বিকল্প অবস্থান ব্যবহার করতে হয়েছে। এর ফলে প্রতিরোধ সেবা প্রদানকারীদের অধিকাংশই দূর থেকে প্রতিরোধমূলক পরিষেবা প্রদানের পথে সরে গেছেন।

এই ফেডারেল তহবিল স্টেটজুড়ে কমিউনিটিগুলোতে প্রতিরোধমূলক কৌশলসমূহের আরো বেশি অ্যাক্সেস প্রদান করবে, এবং সেবা প্রদানকারীদেরকে স্টার্ট-আপ তহবিলের মাধ্যমে নতুন প্রতিরোধমূলক পরিষেবাসমূহ পৌঁছে দেয়ায় সহায়তা করা অব্যাহত রাখা, এবং আপডেটকৃত কর্মসূচিগুলোর মাধ্যমে বিদ্যমান পরিষেবাগুলো পৌঁছে দেয়া অব্যাহত রাখা, উভয়টির জন্য সক্ষমতা প্রদান করবে। এছাড়াও সেবা প্রদানকারীরা তাদের আইটি সিস্টেম আপগ্রেড করার জন্য এই তহবিল ব্যবহার করতে পারবেন, যেমন হার্ডওয়্যার ও সফটওয়্যার উন্নত করা, এবং সেইসাথে ভিডিও কনফারেন্স করার প্লাটফর্মগুলোতে সাবস্ক্রাইব করা।

এটি প্রতিরোধমূলক অবকাঠামোকে তরুণদের, পরিবারের, ও কমিউনিটিগুলোর জন্য একটি পূর্ণাঙ্গ সম্পূরক পরিষেবায় সম্প্রসারণ করায় সহায়তা করার জন্য প্রথম সমন্বিত RFA। উপযুক্ত সেবা প্রদানকারীরা https://oasas.ny.gov/request-applications ওয়েবসাইটে ভিজিট করে 70,000 ডলার পর্যন্ত তহবিল পাওয়ার জন্যে আবেদন করতে পারবেন।

অ্যালকোহলে আসক্তি ও মাদকদ্রব্য অপব্যবহার বিষয়ক সিনেট কমিটির সভাপতি, সিনেটর পিট হারখাম বলেন, "নিউ ইয়র্কের মাদকদ্রব্য ব্যবহার সংক্রান্ত সমস্যা প্রতিরোধ পরিষেবা ও কর্মসূচি প্রদানকারীরা এই নতুন স্টেট তহবিল থেকে ব্যাপকভাবে উপকৃত হবেন—এই তহবিল ঠিক সময়মতো এসেছে। যখন বাসিন্দাদের জন্য সহায়তার সবচেয়ে বেশি প্রয়োজন সে সময়ে কোভিড-19 মহামারী সেবা প্রদানকারীদের কাজকে উল্লেখযোগ্যভাবে জটিল করে তুলেছে, এবং আরো বেশি পরিমাণে সংস্থান পাওয়াটা সশরীরে উপস্থিত থাকার কর্মসূচিসমূহের প্রয়োজনীয় বিকল্পগুলোকে শক্তিশালী করবে। সব নিউ ইয়র্কবাসীর স্বাস্থ্য সুরক্ষিত রাখার জোরালো অঙ্গীকারের জন্য এবং আসক্তি প্রতিরোধের উদ্দেশ্যে এসব তহবিল বরাদ্দ দেয়ার জন্যে আমি গভর্নর হোকলের প্রশংসা করি।"

অ্যালকোহলের আসক্তি ও মাদকদ্রব্য ব্যবহার বিষয়ক অ্যাসেম্বলি কমিটির সভাপতি, অ্যাসেম্বলি সদস্য ফিল স্টেক বলেন, "আসক্তি ও মানসিক স্বাস্থ্য সংক্রান্ত যাত্রায় এগিয়ে যেতে বহু নিউ ইয়র্কবাসী ও তাদের পরিবারের জন্যে প্রয়োজনীয় পরিষেবাগুলোর জন্য তহবিল বিতরণের ক্ষেত্রে নেতৃত্ব দেয়ায় গভর্নর হোকলকে আরো একবার ধন্যবাদ জানাই। আমাদের তরুণ ও তরুণ প্রাপ্তবয়স্কদের ওপর কোভিডের প্রভাব আমাদের কমিউনিটিগুলোতে দীর্ঘস্থায়ী প্রভাব ফেলবে এবং একটি ইতিবাচক পরিবর্তনের জন্যে এসব কর্মসূচি গুরুত্বপূর্ণ।"

গত কয়েক বছরে, আফিমজাত ওষুধের মহামারী মোকাবেলার জন্য OASAS একটি আগ্রাসী, বহুমুখী কর্মপ্রক্রিয়া প্রতিষ্ঠা করেছে, এবং পূর্ণাঙ্গ প্রতিরোধ, চিকিৎসা, ও পুনরুদ্ধার পরিষেবা সহ আসক্তি সংক্রান্ত সেবার ক্ষেত্রে দেশের-নেতৃস্থানীয় ধারাবাহিকতা তৈরি করেছে। এই মহামারীর সাথে লড়াই করার জন্য, স্টেট প্রথাগত সেবা প্রাপ্যতা সম্প্রসারিত করেছে, যার মধ্যে রয়েছে সঙ্কটকালীন সেবা, ইনপেশেন্ট, আউটপেশেন্ট, আবাসিক চিকিৎসা প্রকল্পের পাশাপাশি ঔষধের সহায়তায় চিকিৎসা সেবা, মোবাইল চিকিৎসা এবং পরিবহন সেবাসমূহ।

গভর্নর হোকল নিউ ইয়র্ক স্টেট হেরোইন অ্যান্ড অপিওয়েড টাস্ক ফোর্স (NYS Heroin and Opioid Task Force) এর সদস্য ছিলেন যা 2016 সালে নতুন, প্রথাগত নয় এমন পরিষেবার

সুপারিশ করে, যার মধ্যে ছিল নিরাময় কেন্দ্র, তরুণদের ক্লাবহাউস, সম্প্রসারিত পিয়ার পরিষেবা, চিকিৎসা উদ্ভাবনী কেন্দ্র, মাদক ব্যবহারকারীর স্বাস্থ্য এবং 24/7 খোলা থাকে এমন কেন্দ্র, যা তাৎক্ষণিক মূল্যায়ন এবং সেবাপ্রাপ্তির রেফারেল প্রদান করে। সেসময় থেকে এসব পরিষেবা স্টেটজুড়ে অসংখ্য কমিউনিটিতে প্রতিষ্ঠিত হয়েছে, এবং অভাবী মানুষদের তাদের বসবাসের এলাকার তুলনামূলক কাছাকাছি জায়গায় সেবা অ্যাক্সেস করতে সাহায্য করেছে।

আসক্তির সমস্যায় আক্রান্ত নিউ ইয়র্কবাসীরা, অথবা যাদের প্রিয়জন সমস্যায় ভুগছেন তারা স্টেটের টোল-ফ্রি, দিনে-24-ঘণ্টা সপ্তাহে-7-দিন খোলা থাকা হোপলাইনে 1-877-8-HOPENY (1-877-846-7369) নম্বরে ফোন করে অথবা HOPENY (শর্ট কোড 467369) লিখে টেক্সট পাঠিয়ে সাহায্য ও আশা খুঁজে নিতে পারেন।

আসক্তি সংক্রান্ত লভ্য চিকিৎসা, যেমন ক্রাইসিস/ডিটক্স, হাসপাতালে ভর্তি হওয়া, রেসিডেনশিয়াল, বা বহির্বিভাগের রোগীদের সেবা, ইত্যাদি NYS OASAS চিকিৎসার লভ্যতা সংক্রান্ত ড্যাশবোর্ড ব্যবহার করে খুঁজে নেয়া যাবে
যা FindAddictionTreatment.ny.gov ওয়েবসাইটে গিয়ে অথবা NYS OASAS ওয়েবসাইটের মাধ্যমে পাওয়া যাবে।

যদি আপনি, অথবা আপনার কোনো প্রিয়জন চিকিৎসার জন্য বিমা সংক্রান্ত প্রতিবন্ধকতার সম্মুখীন হন অথবা কোনো প্রত্যাখ্যাত দাবির জন্য আপিল জমা দেয়ার ক্ষেত্রে সাহায্যের প্রয়োজন হয়, তাহলে 888-614-5400 নম্বরে ফোন করে অথবা ombuds@oasas.ny.gov ঠিকানায় ইমেইল করে CHAMP হটলাইনে যোগাযোগ করুন।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418